

আমরা প্রতিদিন মহিলাদের বিরুদ্ধে সহিংসতা প্রতিরোধ এবং লড়াই করার জন্য কাজ করি

আমরা কে

আরইএএমএ/রেআমা (রেতে পের লে'স্পাওয়ারমেন্ট এ লা'আউতো মুতুও আইউতো/ ক্ষমতায়ন এবং স্ব-সহায়তার জন্য নেটওয়ার্ক) হলো পাঞ্জিয়া ফাউন্ডেশন অনলুস-এর (অনলুস/সামাজিক উপযোগী একটি অলাভজনক সংস্থা) জাতীয় সহিংসতাবিরোধী প্রতিষ্ঠান যারা সহিংসতার শিকার নারীদের সমর্থন করে থাকে এবং যদি তাদের সন্তান থাকে সেক্ষেত্রেও তাদের সহযোগিতা করা হয়।

সমগ্র ইতালি জুড়ে অসংখ্য সহিংসতা বিরোধী কেন্দ্রের উপস্থিতি এবং বিশেষজ্ঞ অপারেটরদের কাজসমূহ সত্যিকার অর্থেই ধন্যবাদযোগ্য, সংশ্লিষ্ট নেটওয়ার্ক নারীদের স্বাগত জানাতে, দিক নির্দেশনা প্রদান করতে/ওরিয়েন্টেড করতে ও তাদের জীবনে প্রশান্তি ফিরিয়ে আনায় সাহায্য করতে চায়, তবে পাশাপাশি অবশ্যই সহিংসতা প্রতিরোধ ও জনসচেতনতা বৃদ্ধি করাও তাদের লক্ষ্য।

এটি করার জন্য রেআমা নানাবিধ দক্ষ ও পেশাদার ব্যক্তিবর্গ, সহিংসতাবিরোধী কেন্দ্রসমূহ, আশ্রয়কেন্দ্র, এসোসিয়েশনের সমন্বয়ে গঠিত একটি নির্দিষ্ট নেটওয়ার্ক ব্যবহার করে এবং এ কাজটা রেআমা অনেক বছর ধরেই করে আসছে। আমাদের সাথে যোগাযোগের দুইটি প্রধান মাধ্যম রয়েছে: একটি সহিংসতা বিরোধী অনলাইন ডেস্ক যার সাথে sportello@reamanetwork.org ঠিকানায় ইমেইল পাঠানোর মাধ্যমে যোগাযোগ করা সম্ভব এবং অর্থনৈতিক সহিংসতা – অর্থনৈতিক সহিংসতা বিরোধী ডেস্ক, যার সাথে যোগাযোগের জন্য sportello@reamanetwork.org -এ একটি ইমেইল পাঠিয়ে যোগাযোগ করা যেতে পারে। অর্থনৈতিক সহিংসতা বিরোধী ডেস্কটি রেআমা এর এমন একটি কার্যক্রম যার মাধ্যমে রেআমা যেসব নারীরা অর্থনৈতিক সহিংসতার মধ্যে বসবাস করছে বা যারা অর্থনৈতিক সহিংসতার সম্মুখীন হয়েছে তাদের সমর্থন প্রদান করে থাকে। আপনি ঋণের যে পরিস্থিতির মধ্যে আছেন তা বিশ্লেষণ করতে এবং সম্ভব হলে, সংশ্লিষ্ট দক্ষ দলের সাথে ঋণের বিষয়টি পুনর্বিবেচনা করার ক্ষেত্রে পরিষেবাটি আপনাকে বিনামূল্যে সাহায্য করতে পারে।

সরাসরি উপস্থিতির মাধ্যমে সাহায্য পাওয়ার জন্য রোমে রেআমা এর একটি সহিংসতা বিরোধী ডেস্ক রয়েছে যার সাথে +৩৯ ৩৪৯ ৩৪৪২২৫৭ এই নম্বরে সোমবার হতে শুক্রবার সকাল ১০টা হতে বিকাল ১৭টা পর্যন্ত যোগাযোগ করা সম্ভব।

কাউন্টারসমূহ

অর্থনৈতিক সহিংসতা বিরোধী ডেস্কের বিষয়বস্তু:

যেসব নারীরা অর্থনৈতিক সহিংসতার মধ্যে বসবাস করছে বা যারা অর্থনৈতিক সহিংসতার সম্মুখীন হয়েছে তাদের সমর্থন প্রদানের জন্য। আপনি ঋণের যে পরিস্থিতির মধ্যে আছেন তা বিশ্লেষণ করতে এবং সম্ভব হলে, সংশ্লিষ্ট দক্ষ দলের সাথে ঋণের বিষয়টি পুনর্বিবেচনা করার ক্ষেত্রে এই ডেস্ক আপনাকে বিনামূল্যে সাহায্য করতে পারে। সংশ্লিষ্ট ডেস্কের সাথে যোগাযোগের জন্য sportello@reamanetwork.org এই ঠিকানায় একটি ইমেইল পাঠানোই যথেষ্ট।

সহিংসতা বিরোধী ডেস্কের বিষয়বস্তু:

মহিলাদের বিরুদ্ধে পুরুষ সহিংসতা মোকাবেলা করার ক্ষেত্রে রেআমা নানাবিধ দক্ষ ও পেশাদার, সহিংসতাবিরোধী কেন্দ্রসমূহ, আশ্রয়কেন্দ্র, এসোসিয়েশনের সমন্বয়ে গঠিত একটি নির্দিষ্ট নেটওয়ার্ক ব্যবহার করে এবং এ কাজটা রেআমা অনেক বছর ধরেই করে আসছে এবং একটি সহিংসতা বিরোধী অনলাইন ডেস্ক রয়েছে যার সাথে যোগাযোগের জন্য sportello@reamanetwork.org এই ঠিকানায় ইমেইল করতে বা +৩৯ ৩৪৯ ৩৪৪ ২২৫৭ এই নম্বরে ফোন করতে হবে।

নেটওয়ার্ক

পাঞ্জিয়া ফাউন্ডেশন অনলুস এর রেআমা সহিংসতা বিরোধী নেটওয়ার্কটি অনেক “অ্যান্টেনা” দ্বারা তৈরি, যার মধ্যে রয়েছে সহিংসতা বিরোধী কেন্দ্রসমূহ, আশ্রয়কেন্দ্র, কাউন্টারসমূহ ছাড়াও এসোসিয়েশনসমূহ ও সমগ্র ইতালির বিভিন্ন দক্ষ ব্যক্তিবর্গ। নীচে আপনি রেআমা অ্যান্টি-ভায়োলেন্স নেটওয়ার্কের পরিষেবাগুলির তালিকা এবং অনলাইনে জাতীয় সহিংসতা বিরোধী অফিসের রেফারেন্স পাবেন যেখানে যোগাযোগের নিমিত্তে সর্বদা লেখা সম্ভব।

জরুরী অবস্থার জন্য ১৫২২ এবং ১১২ এর টেলিফোন লাইন সবসময় সক্রিয়।

